



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/6/2021

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করেছেন এম্পায়ার প্যান্ডেমিক গ্র্যান্ট প্রোগ্রামের মাধ্যমে 29 মিলিয়ন মার্কিন ডলার উপলব্ধ অপরিহার্য কর্মী এবং প্রথম প্রতিক্রিয়াকারীদের সহায়তার জন্য

চলমান COVID-19 মহামারীর মধ্যে জরুরী অর্থনৈতিক চাহিদা আছে এমন অপরিহার্য কর্মী এবং প্রথম প্রতিক্রিয়াকারীদের সাহায্য করার জন্য প্রোগ্রামটি তৈরি করা হয়েছে

ব্যক্তিগত দানের মাধ্যমে তহবিল থেকে প্রতি পরিবারে 1,000 মার্কিন ডলার পর্যন্ত উপলব্ধ

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে 29 মিলিয়ন মার্কিন ডলার অপরিহার্য কর্মী এবং প্রথম প্রতিক্রিয়াকারীদের সাহায্য করার জন্য এম্পায়ার প্যান্ডেমিক রেসপন্স রিইম্বার্সমেন্ট ফান্ড (Empire Pandemic Response Reimbursement Fund) প্রোগ্রামের মাধ্যমে পাওয়া যাবে যা অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেসের (Office of Children and Family Services) দ্বারা সমন্বিত করা হবে। এই কর্মসূচীটি পকেটের থেকে দেওয়া চাইল্ডকেয়ার, পরিবহন, বাসস্থান এবং অন্যান্য যোগ্যতা সম্পন্ন খরচ পরিশোধ করার জন্য তৈরি করা হয়েছে যা শ্রমিকদের তাদের কর্তব্য পালন করতে সক্ষম করে। এই অর্থায়ন COVID সংকটের সময় করা ব্যক্তি, দাতব্য ট্রাস্ট এবং ব্যবসা থেকে পাওয়া দান থেকে আসে।

"এই মহামারীর শুরুর অন্ধকার দিনগুলি থেকে, আমাদের অপরিহার্য কর্মীরা প্রতিদিন তাদের স্বাস্থ্য এবং নিরাপত্তার ঝুঁকি নিয়ে এই রাজ্যকে সচল রাখার জন্য সামনের সারিতে রয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "তারা আমাদের দেখা শোনা করেছেন এবং এখন আমাদের সময় এসেছে তাদের দেখাশোনা করার। এই অনুদান কর্মসূচী মহামারীর কারণে এখনো সংগ্রাম করা ব্যক্তি এবং পরিবারগুলিকে গুরুত্বপূর্ণ তহবিল প্রদান করবে এবং তাদের আবার নিজের পক্ষে দাঁড়াতে সাহায্য করবে যখন আমরা এক নতুন স্বাভাবিক অবস্থায় রূপান্তর হওয়ার প্রচেষ্টা অব্যাহত রাখছি।"

যোগ্যতাসম্পন্ন আবেদনকারীদের মধ্যে আছে প্রথম প্রতিক্রিয়াকারী, স্বাস্থ্য সেবা, এবং অনেক বহু-শিল্পের কর্মীরা। প্রতি পরিবার 1,000 মার্কিন ডলার পর্যন্ত উপলব্ধ। কর্মীদের নিয়োগকর্তা, ইউনিয়ন বা সমাজসেবা প্রদানকারীদের দ্বারা রেফার করা উচিত, যারা COVID জরুরী অবস্থার সময় কর্মসংস্থান যাচাই করতে পারবেন। যে সব পরিবার ফেডারাল দারিদ্র্য স্তরের 500 শতাংশ পর্যন্ত আয় করে - অথবা চারজনের একটি পরিবারের জন্য 125,470 মার্কিন ডলার - তারা খরচ কভার করার জন্য এই তহবিলের জন্য আবেদন করতে পারবেন।

অফিস অফ চিল্ড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস (Office of Children and Family Services, OCFS) এর কমিশনার শিলা জে. পুল বলেল, "OCFS এ আমরা গর্বিত এবং সম্মানিত আমাদের প্রথম প্রতিক্রিয়াকারী এবং অপরিহার্য কর্মী প্রতিবেশীদের ত্রান পৌঁছে দিয়ে সাহায্য করতে পেরে যারা COVID-19 সংকটে সম্মানের সাথে এবং অক্লান্তভাবে সাড়া দিয়েছেন। সকল নিউ ইয়র্কবাসীদের এই দৈনন্দিন নায়কদের কাছে এক কৃতজ্ঞতার ঋণ আছে, যারা সাহসিকতার সাথে সেবা করেছেন যাতে অন্যরা নিরাপদে বাড়িতে থাকতে পারেন এবং স্বাস্থ্য সেবা কর্মীদের যারা সাহসিকতার সাথে এতগুলো জীবন বাঁচিয়েছেন।"

এম্পায়ার প্যান্ডেমিক রেসপন্স রিইন্সার্সমেন্ট ফান্ড সম্পর্কে

এম্পায়ার প্যান্ডেমিক রেসপন্স রিইন্সার্সমেন্ট ফান্ড একটি অপ্রতিযোগিতামূলক আবেদন। যে সব আবেদনকারী নিচে বর্ণিত যোগ্যতার মাপকাঠি পূরণ করেন এবং যারা উপযুক্ত খরচের জন্য প্রয়োজনীয় সহায়ক কাগজপত্র জমা দেন তাদের COVID-19-এ সাড়া দেওয়ার জন্য প্রয়োজনীয় পকেট থেকে করা খরচ, যা অন্য কোন উৎস থেকে পরিশোধ করা হয়নি, তা পরিশোধ করা হবে। যোগ্য খরচের জন্য যোগ্য আবেদনকারীদের পরিশোধ করা হবে, তহবিল শেষনা হওয়া পর্যন্ত, প্রথমে এলে প্রথমে পাবে ভিত্তিতে। সর্বোচ্চ পরিশোধের পরিমাণ পরিবার প্রতি 1,000 মার্কিন ডলার।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)